

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন  
জনসংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ২২, পুরানা পল্টন, ঢাকা  
ফোন : ৯৫৬০৫৭৪, ই-মেইল : [pru.bhbfc@gmail.com](mailto:pru.bhbfc@gmail.com)

## প্রেস বিজ্ঞপ্তি

### লৌহ ও ইস্পাত শিল্পের উপর আন্তর্জাতিক সেমিনার অনুষ্ঠিত



বন্দর নগরী চট্টগ্রামের হোটেল রেডিসন ব্লু ভিউ 'তে সম্প্রতি আন্তর্জাতিক স্টিল সেমিনার অনুষ্ঠিত হয়। এ সেমিনারে পেপার উপস্থাপন করেন বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন ও ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর নির্বাহী কমিটি র চেয়ারম্যান, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মোঃ সেলিম উদ্দিন, এফসিএ, এফসিএমএ।

দু'দিন ব্যাপী এ কনফারেন্সে যুক্তরাষ্ট্র, ভারত, জাপান, কোরিয়া, চীন, অস্ট্রেলিয়া, জার্মানী, অস্ট্রিয়া, সিঙ্গাপুর, বেলজিয়াম ও ইটালিসহ বিশ্বের ১৯টি দেশের প্রতিষ্ঠান অংশ নেয়। বক্তারা লৌহ ও ইস্পাত শিল্পের বিশ্বব্যাপী প্রভাব, বর্তমান অবস্থা, ভবিষ্যৎ সম্ভাবনা বিকাশের পাশাপাশি এর টেকসই প্রযুক্তির মাধ্যমে গুনগত মান বৃদ্ধি ও বাজার সম্প্রসারণসহ বিভিন্ন বিষয়ে আলোকপাত করেন।

ড. সেলিম উদ্দিন তাঁর বক্তব্যে বলেন ২০১৭ সালে সারা বিশ্বে মোট ইস্পাত উৎপাদন হয় ১৬৮ কোটি ৯০ লাখ মেঃ টন যার ৪৯.২ শতাংশ উৎপাদন করে চীন। অথচ এ সময় বাংলাদেশে উৎপাদন হয়েছে মাত্র ৭০ লাখ মেঃ টন। জাপান তার নিজস্ব কাঁচামাল না থাকা সত্ত্বেও বিশ্বের প্রায় ৬.২ শতাংশ ইস্পাত উৎপাদনে সক্ষম হয়েছে। আমাদের পার্শ্ববর্তী দেশ ভারতও এ শিল্পের বাজারে প্রতিদ্বন্দ্বীতা অব্যাহত রেখেছে। এ অবস্থায় বাংলাদেশেরও ইস্পাত শিল্পের বিকাশ ও বাজার নিয়ন্ত্রনের জন্য যথোপযুক্ত পরিকল্পনা গ্রহণ করা অত্যাবশ্যক। তিনি আরো বলেন সারা বিশ্বে ২০৩০ সাল নাগাদ লৌহ ও ইস্পাতের চাহিদার পরিমাণ দাঁড়াবে ২ বিলিয়ন মেঃ টন। বাংলাদেশের লৌহ ও ইস্পাত শিল্পের প্রক্রিয়া, উন্নয়ন ও বাজার সম্প্রসারণে এ সেমিনার সহায়ক ভূমিকা রাখবে।